গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা ক্রীড়া অফিসার, জেলা ক্রীড়া অফিস, সিলেট

এবং

পরিচালক, ক্রীড়া পরিদপ্তর-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

# সূচিপত্র

জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ............ ৩

প্রস্তাবনা ............ ৪

সেকশন ১: জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ............ ৫

সেকশন ২: জেলা / সার্কেল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ............ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ............ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ............ ১১

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ............ ১২

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ............ ১৩

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ............ ১৪

## জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the District/Circle Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

আধুনিক বিশ্বে একটি জাতিকে পরিচিত করে তোলার পেছনে ক্রীড়ার গুরুত্ব অপরিসীম। একটি দেশের সম্মান এবং মর্যাদা বৃদ্ধিতে ক্রীড়া গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। জাতিকে উন্নত করতে যেমন শিক্ষার বিকল্প নেই তেমনি শিক্ষার মান উন্নয়নসহ গুনগত শিক্ষা নিশ্চিত করতে ক্রীড়ার বিকল্প নাই। শারীরিক ও মানসিক বিকাশ, সুস্থ বিনোদন সহ সুস্থ জাতি গঠনের অন্যতম মাধ্যম হল ক্রীড়া। জাতির পিতা বঙ্গবন্ধু দূরদৃষ্টিতে অবলোকন করেছিলেন স্বাধীন এই দেশকে সোনার বাংলায় রূপান্তর করতে সবার আগে সুস্থ জাতি গঠন করা দরকার, তাই তিনি ক্রীড়ার উপর গুরুত্বারোপ করেছিলেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এদেশের ক্রীড়াঙ্গনের উন্নয়নে যুগোপযোগী ও সময়োপযোগী পদক্ষেপ গ্রহন করেছিলেন। কারণ শারীরিক ও মানসিক বিকাশ, ভ্রাতৃত্ববোধ ও প্রতিযোগিতার সৃষ্টি সহ শৃংখলিত ও সুস্থ জাতি গঠনে ক্রীড়া রাখবে অতীব গুরুত্বপূর্ণ ভূমিকা -গড়ে উঠবে জাতির পিতা বঙ্গবন্ধুর আজন্ম লালিত স্বপ্নের "সোনার বাংলা"। বঙ্গবন্ধুর যোগ্য উত্তরসূরি, ক্রীড়ামোদী রাষ্ট্রনায়ক, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার যোগ্য নেতৃত্বে উন্নয়নের ছোঁয়ায় এগিয়ে চলছে দেশ, আমূল পরিবর্তন এসেছে সর্বত্রই। সেই সাথে পাল্লা দিয়ে এগিয়ে চলছে দেশের ক্রীড়াঙ্গন।বিশ্বের সাথে তাল মিলাতে ক্রীড়া পরিদপ্তর ও জেলা ক্রীড়া অফিসের বিভিন্ন সেবা ও কার্যক্রমে লেগেছে প্রযুক্তির ছোঁয়া। জেলা ক্রীড়া অফিসে ইন্টারনেট সংযোগ স্থাপন করা হয়েছে, ওয়েবসাইট তৈরি করা হয়েছে। প্রতিভাবান খেলোয়াড়দের তথ্য সংরক্ষণের জন্য জেলা ক্রীড়া অফিসে ডাটাবেইজ তৈরির কাজ চলমান রয়েছে। ক্রীড়ার মানোন্নয়নের লক্ষ্যে আয়োজিত বিভিন্ন প্রতিযোগিতা ও প্রশিক্ষণে শুরু হয়েছে প্রযুক্তির ব্যবহার।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

১. বার্ষিক ক্রীড়া কর্মসূচি অপর্যাপ্ত ।২. বাজেটে বরাদ্দ অপ্রতুল ।৩. স্মার্ট ক্রীড়াঙ্গন গড়তে জেলা ক্রীড়া অফিসের সেবা ও কার্যক্রম স্মার্ট উপায়ে প্রদান করতে আইসিটিতে জনবল না থাকা ।৪. তৃণমূল পর্যায়ে ক্রীড়ার দ্রুত সম্প্রসারণের জন্য বিনামূল্যে বিতরণকৃত ক্রীড়া সামগ্রী অপ্রতুল।৫. ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি (প্রতিযোগিতা ও প্রশিক্ষণ) বাস্তবায়নকারী জেলা ক্রীড়া অফিসে মারাত্নক জনবল সংকট ।৬.জেলা পর্যায়ে সেটআপ সহ জনবল না থাকায় ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি (প্রতিযোগিতা ও প্রশিক্ষণ) সুষ্ঠুভাবে বাস্তবায়নে নানাবিধ সমস্যা দেখা যায়।৭. ক্রীড়ায় প্রযুক্তির ব্যবহারের জন্য উপকরণ না থাকা ও জেলা ক্রীড়া অফিসের নিজস্ব অফিস ভবন না থাকা ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

তৃণমূল পর্যায়ে ক্রীড়া সম্প্রসারণের মাধ্যমে জেলার সকল শিশু, কিশোর-কিশোরী ও তরুণ প্রজন্মকে ক্রীড়ায় উদ্বুদ্ধ করে নিয়মিত ক্রীড়া চর্চা, তৃণমূল পর্যায়ে ক্রীড়ার বিভিন্ন প্রতিযোগিতার সংখ্যা বৃদ্ধি, ক্রীড়া প্রতিভা অন্বেষণ, উন্নত ও যুগোপযোগী ক্রীড়া প্রশিক্ষণ এবং ক্রীড়ায় প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে উৎকর্ষ সাধন। জেলা ক্রীড়া অফিসের সকল সেবা স্মার্ট উপায়ে প্রদান করা এবং ক্রীড়ায় প্রযুক্তির ব্যবহার করা। জেলা ক্রীড়া অফিসের নিজস্ব মাঠ, ইনডোর এবং অফিস ভবন স্থাপন করা।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ১. বার্ষিক ক্রীড়া কর্মসূচি (প্রতিযোগিতা ও প্রশিক্ষণ; যা ক্রীড়া পরিদপ্তর কর্তৃক নির্ধারিত) এর প্রতিটি ইভেন্ট থেকে কমপক্ষে ০৩ জন করে মোট ৫০ জন প্রতিভাবান খেলোয়াড় বাছাইপূর্বক ডাটাবেজ তৈরি ও ডাটাবেজে তাদের তথ্য সংরক্ষণ ।২. জেলায় ক্রীড়ার মানোন্নয়নে অধিক সংখ্যক শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া ক্লাবে বিনামূল্যে ক্রীড়া সামগ্রী প্রদান করা।৩. শিশু, কিশোর-কিশোরীদেরকে ক্রীড়ায় উদ্বুদ্ধকরণ, প্রতিযোগিতার আয়োজনের মাধ্যমে প্রতিভাবান খেলোয়াড় অন্বেষণপূর্বক প্রশিক্ষণ প্রদান করা।৪. প্রতিযোগিতার মাধ্যমে অধিক সংখ্যক বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ক্রীড়া সচেতনতা সৃষ্টি ও ক্রীড়া দক্ষতা বৃদ্ধি করা।৫. যুগোপযোগী প্রশিক্ষণের মাধ্যমে ক্রীড়ার উৎকর্ষ সাধন।৬.অঞ্চল ভিত্তিক সম্ভাবনাময় খেলাকে অগ্রাধিকার দিয়ে ক্রীড়া উন্নয়নে ভূমিকা রাখা।৭.গ্রামীণ খেলার প্রসার ঘটানো এবং তৃণমূল পর্যায় হতে ক্রীড়ার বিভিন্ন বিষয়ে ০৭ টি প্রতিযোগিতা ও ০৩ টি প্রশিক্ষণ বাস্তবায়নের মাধ্যমে প্রতিভাবান খেলোয়াড় অন্বেষণপূর্বক তদের ক্রীড়া প্রতিভা বিকাশের সুযোগ সৃষ্টি করা।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

জেলা ক্রীড়া অফিসার, জেলা ক্রীড়া অফিস, সিলেট

এবং

পরিচালক, ক্রীড়া পরিদপ্তর-এর মধ্যে ২০২৪ সালের ...জুন... মাসের ...৩০... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

জেলার সকল শিশু ও তরুণ প্রজন্মকে ক্রীড়ায় উদ্বুদ্ধকরণ, নিয়মিত ক্রীড়া চর্চা ও যুগোপযোগী ক্রীড়া প্রশিক্ষণের মাধ্যমে ক্রীড়ার উৎকর্ষ সাধন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

জেলার সকল শিশু, কিশোর-কিশোরী ও তরুণ-তরুণীদের ক্রীড়ায় উদ্বুদ্ধকরণ, ব্যাপকভাবে ক্রীড়া চর্চা ও বিভিন্ন প্রতিযোগিতার মাধ্যমে প্রতিভা অন্বেষন এবং উন্নত ও যুগোপযোগী ক্রীড়া প্রশিক্ষণের মাধ্যমে ক্রীড়ার উৎকর্ষ সাধন।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. তৃণমূল পর্যায়ে ক্রীড়ার সম্প্রসারণে কিশোর-কিশোরীদের ক্রীড়ায় সম্পৃক্তকরণ।
২. তৃণমূল পর্যায় হতে ক্রীড়ায় আগ্রহী ও প্রতিভাবান খেলোয়াড়দের দক্ষতা বৃদ্ধির উন্নয়ন সাধন।
৩. প্রতিযোগিতার মাধ্যমে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ক্রীড়া দক্ষতা উন্নয়ন।
৪. ক্রীড়ার মান উন্নয়নে বিনামূল্যে ক্রীড়া সামগ্রী প্রদান।

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি বাস্তবায়নের জন্য বিভিন্ন ধরনের টুর্নামেন্ট/প্রতিযোগিতা আয়োজনের মাধ্যমে শিশুদের ক্রীড়ায় উদ্বুদ্ধকরণ।
২. প্রতিভা অন্বেষণ ও যুগোপযোগী প্রশিক্ষণের মাধ্যমে শিশুদের ক্রীড়ার উৎকর্ষ সাধন।
৩. শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া সংগঠনসমূহে বিনামূল্যে ক্রীড়া সরঞ্জাম প্রদান।
৪. তৃণমূল পর্যায়ে ক্রীড়ায় আগ্রহী করে গড়ে তুলতে বিভিন্ন ধরনের প্রতিযোগিতা ও প্রশিক্ষণের আয়োজন।
৫. বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের দক্ষতা বৃদ্ধির জন্য তাদের উপযোগী ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন।

# সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০২৭ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ২০২৬ সালের মধ্যে ক্রীড়া ক্ষেত্রে সুবিধা বৃদ্ধি করণ। | শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া ক্লাব | সংখ্যা | ৩০ | ৩০ | ৩২ | ৩৪ | ৩৪ | জেলা ক্রীড়া অফিস, সিলেট | বিনামূল্যে ক্রীড়া সামগ্রী বিতরণ রেজি |
| ২০২৬ সালের মধ্যে তৃণমূল পর্যায়ে প্রতিভাবান খেলোয়াড়দের দক্ষতা বৃদ্ধি | উদ্বুদ্ধকরণ ও প্রতিযোগিতায় অংশগ্রহণকারী | সংখ্যা | ৪০০ | ৪০০ | ৪১০ | ৪১৫ | ৪২০ | জেলা ক্রীড়া অফিস, সিলেট | উদ্বুদ্ধকরণ ও প্রতিযোগীতায় অংশগ্রহণকারীদের তালিকা |
| | প্রশিক্ষণার্থী | সংখ্যা | ১২০ | ১২০ | ১২০ | ১২৫ | ১৩০ | জেলা ক্রীড়া অফিস, সিলেট | প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের তালিকা |
| | প্রতিযোগিতা / ইভেন্ট | সংখ্যা | .. | ০৭ | ০৭ | ০৮ | ০৯ | জেলা ক্রীড়া অফিস, সিলেট | প্রতিযোগিতা / ইভেন্ট তালিকা প্রমাণ |
| | প্রশিক্ষণ/ইভেন্ট | সংখ্যা | .. | ০৩ | ০৩ | ০৪ | ০৫ | জেলা ক্রীড়া অফিস, সিলেট | প্রশিক্ষণ / ইভেন্ট তালিকা প্রমাণকসহ |
| | বিশেষ চাহিদা সম্পন্ন শিশু | সংখ্যা | ১৫ | ১৫ | ২০ | ২৫ | ৩০ | জেলা ক্রীড়া অফিস, সিলেট | প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের তা |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] তৃণমূল পর্যায়ে ক্রীড়ার সম্প্রসারণে কিশোর-কিশোরীদের ক্রীড়ায় সম্পৃক্তকরণ। | ৩০ | [১.১] ক্রীড়ার বিভিন্ন বিষয়ে উদ্বুদ্ধকরণ ও প্রতিযোগিতা আয়োজন | [১.১.১] উদ্বুদ্ধকরণ ও প্রতিযোগীতা অংশগ্রহণকারী | সমষ্টি | জন | ১৫ | ২৫৪ | ৪০০ | ৪১০ | ৩৬৯ | ৩২৮ | ২৮৭ | ২৪৬ | ৪১৫ | ৪২০ |
| | | [১.২] ক্রীড়ার বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান | [১.২.১] প্রশিক্ষণার্থী | সমষ্টি | জন | ১৫ | ১২৬ | ১২০ | ১২০ | ১০৮ | ৯৬ | ৮৪ | ৭২ | ১২৫ | ১৩০ |
| [২] তৃণমূল পর্যায় হতে ক্রীড়ায় আগ্রহী ও প্রতিভাবান খেলোয়াড়দের দক্ষতা বৃদ্ধির উন্নয়ন সাধন। | ২০ | [২.১] ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন/ বাস্তবায়ন করা। | [২.১.১] প্রতিযোগীতা/ইভেন্ট সংখ্যা | সমষ্টি | জন | ১০ | | ০৭ | ০৭ | ০৬ | ০৫ | ০৪ | ০৩ | ০৮ | ০৯ |
| | | [২.২] ক্রীড়া প্রশিক্ষণের আয়োজন / বাস্তবায়ন করা। | [২.২.১] প্রশিক্ষণ/ইভেন্ট সংখ্যা | সমষ্টি | জন | ১০ | | ০৩ | ০৩ | ০২ | ০১ | ০১ | ০১ | ০৪ | ০৫ |
| [৩] প্রতিযোগিতার মাধ্যমে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের ক্রীড়া দক্ষতা উন্নয়ন। | ১০ | [৩.১] বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন। | [৩.১.১] বিশেষ চাহিদা সম্পন্ন শিশু | সমষ্টি | জন | ১০ | ২০ | ২০ | ২০ | ১৯ | ১৮ | ১৭ | ১৬ | ২১ | ২২ |
| [৪] ক্রীড়ার মান উন্নয়নে বিনামূল্যে ক্রীড়া সামগ্রী প্রদান। | ১০ | [৪.১] শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া ক্লাবের অনুকূলে ক্রীড়া সামগ্রী প্রদান | [৪.১.১] শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া ক্লাব | সমষ্টি | জন | ১০ | ১৪ | ৩০ | ১৫ | ১৫ | | | | ১৬ | ১৭ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৪-২৫ | | | | | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ | প্রক্ষেপণ ২০২৬-২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | ১ | ১ | | | | | | ১ | ১ |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | ১ | ১ | | | | | | ১ | ১ |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | ১ | ১ | | | | | | ১ | ১ |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | ১ | ১ | | | | | | ১ | ১ |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | ১ | ১ | | | | | | ১ | ১ |

*সাময়িক (provisional) তথ্য

আমি, জেলা ক্রীড়া অফিসার, জেলা ক্রীড়া অফিস, সিলেট, পরিচালক, ক্রীড়া পরিদপ্তর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, পরিচালক, ক্রীড়া পরিদপ্তর হিসাবে জেলা ক্রীড়া অফিসার, জেলা ক্রীড়া অফিস, সিলেট-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

৩০/০৬/২০২৪

.......................................................... ..........................................................

জেলা ক্রীড়া অফিসার
জেলা ক্রীড়া অফিস, সিলেট

তারিখ

মোঃ নূর হোসেন
জেলা ক্রীড়া অফিসার
সিলেট।

৩০/০৬/২০২৪

.......................................................... ..........................................................

পরিচালক
ক্রীড়া পরিদপ্তর

তারিখ

আ.ন.ম. তরিকুল ইসলাম
পরিচালক (যুগ্মসচিব)
ক্রীড়া পরিদপ্তর
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | DOS | Directorate Of Sports |
| ২ | DSO | District Sports Office |
| ৩ | PEC | College of Physical Education |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] ক্রীড়ার বিভিন্ন বিষয়ে উদ্বুদ্ধকরণ ও প্রতিযোগিতা আয়োজন | [১.১.১] উদ্বুদ্ধকরণ ও প্রতিযোগীতা অংশগ্রহণকারী | জেলা ক্রীড়া অফিস, সিলেট | উদ্বুদ্ধকরণ ও প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের ত |
| [১.২] ক্রীড়ার বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ প্রদান | [১.২.১] প্রশিক্ষণার্থী | জেলা ক্রীড়া অফিস, সিলেট | প্রশিক্ষণার্থীদের তালিকা |
| [২.১] ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন/ বাস্তবায়ন করা। | [২.১.১] প্রতিযোগীতা/ইভেন্ট সংখ্যা | জেলা ক্রীড়া অফিস, সিলেট | প্রতিযোগিতা / ইভেন্ট সংখ্যা |
| [২.২] ক্রীড়া প্রশিক্ষণের আয়োজন / বাস্তবায়ন করা। | [২.২.১] প্রশিক্ষণ/ইভেন্ট সংখ্যা | জেলা ক্রীড়া অফিস, সিলেট | প্রশিক্ষণ/ইভেন্ট সংখ্যা |
| [৩.১] বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য ক্রীড়া প্রতিযোগিতা আয়োজন। | [৩.১.১] বিশেষ চাহিদা সম্পন্ন শিশু | জেলা ক্রীড়া অফিস, সিলেট | বিশেষ চাহিদা সম্পন্ন শিশু |
| [৪.১] শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া ক্লাবের অনুকূলে ক্রীড়া সামগ্রী প্রদান | [৪.১.১] শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া ক্লাব | জেলা ক্রীড়া অফিস, সিলেট | শিক্ষা প্রতিষ্ঠান ও ক্রীড়া ক্লাব |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|

# সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ